**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-১।**

নং-১০.০০.০০০০.১২৫.০১১.০৩.১৪-৬৪০ তারিখঃ ২৭/০৮/২০১৫ খ্রিঃ।

বিষয়ঃ **বদলী স্থগিতের আদেশ প্রত্যাহার প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শক্রমে সরকার কর্তৃক অত্র বিভাগের ১৭/০৮/২০১৫খ্রিঃ তারিখের ১০.০০.০০০০.১২৫.০১১.০৩.১৪-৬০৭ নং স্মারকের বিজ্ঞপিতে নড়াইল চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট জনাব মুহাম্মদ মাজহারুল ইসলাম-কে মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ঢাকা হিসেবে বদলী করা হয়। কিন্তু নড়াইল জেলায় বর্তমানে মাত্র ০২ (দুই) জন ম্যাজিস্ট্রেট কর্মরত থাকায় তাকে বদলি করা হলে নড়াইল জেলায় মামলা নিস্পত্তিতে সমস্যা সৃষ্টি হতে পারে বিবেচনায় প্রশাসনিক কারণে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনাব মুহাম্মদ মাজহারুল ইসলাম এর বদলির আদেশ স্থগিত করা হয়। বর্তমানে নড়াইল জেলার চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের শূন্য পদে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

২। এমতাবস্থায়, নড়াইল চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট জনাব মুহাম্মদ মাজহারুল ইসলাম এর ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট পদে বদলীর আদেশ স্থগিত সংক্রান্ত অত্র বিভাগের ২০/০৮/২০১৫ খ্রিঃ তারিখের ১০.০০.০০০০.১২৫.০১১.০৩.১৪-৬২২ নং স্মারকের আদেশটি প্রত্যাহার করা হলো।

৩। সংশ্লিষ্ট কর্মকর্তা-কে বর্তমান পদের কার্যভার আগামী ০৩/০৯/২০১৫ খ্রিঃ তারিখে বুঝিয়ে দিয়ে বদলীকৃত কর্মস্থলে যোগদানের নির্দেশ প্রদান করা হলো।

২৭/৮/১৫

**( মোঃ খাদেম উল কায়েস )**
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৩১।

**কার্যার্থেঃ**

১। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নড়াইল।
২। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট , ঢাকা।
৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, কক্ষ নং ৫০৩, ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।
৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নড়াইল।
৫। জনাব মুহাম্মদ মাজহারুল ইসলাম, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নড়াইল।
৬। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।